**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 17-06-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Opening Announcement :-**

আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে ভোট পরবর্তী সন্ত্রাস পর্যালোচনায় আসা বিজেপির কেন্দ্রীয় দলের সদস্যরা আজ কোচবিহার যাচ্ছেন। # রাজ্যে গণতন্ত্র নেই বলে অভিযোগ করেছেন দলের সদস্য বরিষ্ঠ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ।

২/ আদালতের হস্তক্ষেপে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে দেখা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ।

৩/ আরো ৫০ হাজার মানুষকে ‘বার্ধক্য ভাতা’ প্রকল্পের আওতায় আনছে রাজ্য সরকার।

৪/ কোরবানির উৎসব ঈদ-উল-আজহ্ বা বকরী ঈদ আজ উদ্‌যাপিত হচ্ছে।

৫/ উত্তরবঙ্গে বৃহস্পতিবার পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস। # বর্ষা প্রবেশের অনুকূল পরিস্থিতি দক্ষিণবঙ্গে।

******************************************************************

রাজ্যে ভোট পরবর্তী হিংসা পরিস্থিতি খতিয়ে দেখতে আসা বিজেপির কেন্দ্রীয় প্রতিনিধি দলটি আজ সকালে কোচবিহার যাচ্ছে। সকালে বাগডোগরা বিমান বন্দরে পৌঁছে সেখান থেকে তাঁরা যাবেন কোচবিহারে বিজেপির দলীয় কার্যালয়ে। সেখানে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের সঙ্গে কথা বলবেন তাঁরা।

কোচবিহার আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী জগদীশচন্দ্র বসুনিয়ার কাছে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক হেরে যাওয়ার পর থেকেই, এলাকায় ভোট পরবর্তী হিংসার অভিযোগ উঠেছে। ইতমধ্যেই বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কোচবিহারে গিয়ে আক্রান্তদের সঙ্গে কথাও বলেছেন।

গতকালই ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব দেবের নেতৃত্বে প্রতিনিধি দলটি রাজ্যে আসে। দলে রয়েছেন, বরিষ্ঠ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ, উত্তর প্রদেশের প্রাক্তন ডিজিপি ব্রিজলাল এবং কবিতা পাতিদার। বিমান বন্দর থেকে তাঁরা যান মধ্য কলকাতার মাহেশ্বরী ভবনে। সেখানে আশ্রয় নেওয়া ঘরছাড়া বিজেপি কর্মীদের সঙ্গে দেখা করেন তাঁরা। রবিশঙ্কর প্রসাদ বলেন, দলের সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডাকে তাঁরা রিপোর্ট দেবেন। রাজ্যে গণতন্ত্র নেই বলে অভিযোগ করেছেন দলের সদস্য বরিষ্ঠ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ।

( বাইট- রবিশঙ্কর )

এদিকে, আদালতের হস্তক্ষেপে রাজ্যের ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে গতকাল রাজভবনে যান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ঘাটাল, কেশপুর, ডায়মন্ডহারবার সহ বিভিন্ন এলাকার মোট ১১৫ জন গতকাল রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন। রাজভবন থেকে বেরিয়ে এসে সাংবাদিকদের শুভেন্দু বলেন, রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন। এবিষয়ে কেন্দ্রের কাছে প্রয়োজনীয় সুপারিশ তিনি করবেন।

( বাইট- শুভেন্দু )

ভোট পরবর্তী হিংসায় শাসক দলকে অভিযুক্ত করে আগামী ১৯শে জুন থেকে রাজভবনের সামনে ধর্নায় বসতে চেয়ে প্রশাসনকে চিঠি দিলেও, তার কোনো উত্তর এখনো আসেনি বলে শুভেন্দুবাবু জানান।

এদিকে, মাহেশ্বরী সদনে বিজেপির কেন্দ্রীয় দলটি থাকাকালীনই সামনে সেন্ট্রাল এ্যাভেনিউয়ের ওপর ডিভাইডারে গোলাকার বস্তু দেখা যায়। পুলিশ স্নীফার ডগ নিয়ে যায়। ডাকা হয় বম্ব ডিসপোজাল স্কোয়াড। গোলাকার বস্তুটিকে জলভর্তি বালতিতে রেখে তারা অন্যত্র নিয়ে যায়। ডিভইডারের উল্টোদিকেই মুরলী ধর সেন লেনে বিজেপীর পার্টি অফিস। পুলিশ তদন্ত করছে।

****************

ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়া দলীয় কর্মীদের সঙ্গে দেখা করতে গতকাল বর্ধমানে আসেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। দলের জেলা সদর কার্যালয়ে আশ্রয় নিয়েছেন ঘরছাড়াদের অনেকেই। পার্টি অফিসে দলীয় নেতৃত্বের সঙ্গে বৈঠক করেন তিনি।

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর, ক্যানিং ও কুলতলিতে ঘরছাড়া ও সন্ত্রাসের শিকার দলীয় কর্মীদের সঙ্গে গতকাল দেখা করেছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

****************

দল বিরোধী কার্যকলাপ এবং পার্টির শৃঙ্খলাভঙ্গের অভিযোগে CPIM থেকে বহিষ্কৃত হওয়ার পরই দুর্গাপুরের দাপুটে নেতা পঙ্কজ রায়সরকার তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। গতকাল দুর্গাপুরে শাসক দলের কার্যালয়ে মন্ত্রী অরূপ বিশ্বাস ও প্রদীপ মজুমদারের কাছ থেকে ঘাস ফুলের পতাকা হাতে তুলে নেন তিনি। পাশে ছিলেন বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্র থেকে সদ্য নির্বাচিত কীর্তি আজাদ। প্রায় ১২-শো CPIM কর্মীও আজ তৃণমূলে যোগ দিয়েছেন বলে দাবি করেছে দল।

এর আগে CPIM-এর পশ্চিম বর্ধমান জেলা কমিটি প্রেস বিবৃতি দিয়ে পঙ্কজ রায়সরকারকে দল থেকে বহিষ্কারের কথা জানায়। বলা হয়, পার্টি লাইনের বিরোধিতা করে সরাসরি তৃণমূল কংগ্রেসের সঙ্গে যোগাযোগ রাখছিলেন তিনি। পরে পঙ্কজবাবু জানান নানা ইস্যুতে দলের সঙ্গে তাঁর দুরত্ব বাড়ছিল।

****************

রাজ্য সরকার আরও ৫০ হাজার মানুষকে নতুন করে বার্ধক্য ভাতা প্রকল্পের আওতায় নিয়ে আসছে। বর্তমানে পঞ্চায়েত দফতরের মাধ্যমে প্রায় ২০ লক্ষ ১৫ হাজার মানুষকে মাসে এক হাজার টাকা করে বার্ধক্য ভাতা দেওয়া হয়। এর সঙ্গে আরও ৫০ হাজার নতুন উপভোক্তাকে যুক্ত করার কাজ শুরু হচ্ছে বলে ওই দফতর সূত্রে জানা গিয়েছে। তাঁদের নাম পোর্টালে তোলা শুরু হয়েছে। দ্রুত কাজ শেষ করার নির্দেশও দেওয়া হয়েছে। শীঘ্রই নতুন উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পাঠানো শুরু হবে।

পঞ্চায়েত দপ্তর ছাড়াও রাজ্য সরকারের সমাজ কল্যাণ দফতর, কৃষি দফতর, অনগ্রসর শ্রেণি উন্নয়ন দফতরের মাধ্যমে কয়েক লক্ষ মানুষের কাছে বার্ধক্য ভাতার আর্থিক সহায়তা পৌঁছে দেওয়া হয়।

****************

লোকসভা নির্বাচন ভোট পর্ব শেষ হওয়ার পর রাজ্য সরকার কেন্দ্রের আবাস প্রকল্পের অনুদান না পাওয়া উপভোক্তাদের বাড়ি তৈরির কাজ শুরু করছে। মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি মতো আবাস যোজনার ১১ লক্ষ উপভোক্তাকে টাকা দেওয়ার আগে সামগ্রিকভাবে সমীক্ষার সিদ্ধান্ত হয়েছে। আগামী মাস থেকে এই সমীক্ষা শুরু হবে বলে জানা গিয়েছে।

কেন্দ্রের আবাস যোজনা প্রকল্পে নাম থাকা ১১ লক্ষ উপভোক্তা ছাড়াও সাম্প্রতিককালে বহু মানুষ, সরাসরি মুখ্যমন্ত্রী' হেল্পলাইনে আবাস যোজনার জন্য আবেদন করেছেন। তার মধ্যে থেকে অগ্রাধিকারের ভিত্তিতে উপভোক্তাদের বেছে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রাকৃতিক দুর্যোগের কারণে যাদের ঘরবাড়ি নষ্ট হয়েছে তাঁরা আবাস যোজনার টাকা দ্রুত পাবেন বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

****************

পয়লা জুলাই দেশে তিনটি নতুন ফৌজদারী আইন বলবৎ হতে চলেছে। ঔপনিবেশিক মানসিকতা থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে মানুষকে দ্রুত ন্যায়বিচার পৌঁছে

দিতেই এই নতুন বিধি তৈরি করা হয়েছে বলে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল জানিয়েছেন। কলকাতায় গতকাল আইন ও বিচার মন্ত্রক আয়োজিত এক সম্মেলনের উদ্বোধন করে তিনি বলেন, দেশ-কাল-পরিস্থিতি অনুযায়ী আইন পরিবর্তন করতে হয়।

সবার সঙ্গে আলোচনা না করেই কেন্দ্রীয় সরকার নতুন তিনটি ফৌজদারি বিধি প্রণয়ন করেছে বলে বিভিন্ন মহলের অভিযোগ খারিজ করে দিয়ে শ্রী মেঘওয়াল বলেন, চার বছর ধরে বিশদ আলোচনা করেই নতুন আইনগুলি প্রণয়ন করা হয়েছে।

(বাইট- অর্জুন রাম মেঘওয়াল)

****************

লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আগামী **৩০-শে জুন** আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর **প্রথম** মন-কি-বাত। মন-কি-বাতের এটি **১১১-তম** পর্ব।

জনসাধারণ তাঁদের বক্তব্য এবং পরামর্শ **২৮**-শে জুনের মধ্যে টোল ফ্রি নম্বর **১৮০০-১১-৭৮০০**-য় জানাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা MyGov ওপেন ফোরামেও তা জানানো যেতে পারে।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

****************

কোরবানির উৎসব ঈদ-উল-আজহা বা বকরি ঈদ আজ উদযাপিত হচ্ছে। ধর্মপ্রাণ মুসলমানরা ঈদগাহ ও মসজিদগুলিতে ঈদের নামাজ আদা করবেন।

ঈদ উপলক্ষে রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে কঠোর পুলিশি বন্দোবস্ত রাখা হচ্ছে। নাশকতা বা যে কোনরকম অপ্রীতিকর ঘটনা মোকাবিলায় রাস্তায় থাকছে বাড়তি পুলিশ বাহিনী। নাখোদা মসজিদ, টিপু সুলতান মসজিদ, পার্ক সার্কাস ময়দান, জামা মসজিদ এবং রেড রোডের মতো স্থানে বাড়তি নিরাপত্তা রয়েছে। উর্দিধারী পুলিসের পাশাপাশি সাদা পোশাকেও চলছে নজরদারি। ঈদের নামাজ উপলক্ষ্যে বড় জমায়েত হয় এমন মসজিদে দু'জন করে ডিসি নিরাপত্তার দায়িত্বে থাকছেন। শহরের গুরুত্বপূর্ণ মোড়ে বসানো হয়েছে পুলিস পিকেট। অপ্রীতিকর ঘটনা রুখতে শহরের স্পর্শকাতর এলাকাগুলিতে ৫৮টি PCR ভ্যান টহল দেবে। দিনরাত মিলিয়ে শহরে ২৮টি হেভি রেডিও ফ্লাইং স্কোয়াড, ১৩টি কুইক রেসপন্স টিম, ৫৫টি মোটর সাইকেল টহল দেবে।

ঈদ উপলক্ষ্যে পার্ক, চিড়িয়াখানা, শপিং মল, নিউ মার্কেট ও সায়েন্স সিটির মতো স্থানেও বাড়তি নিরাপত্তা ব্যবস্থা রয়েছে। আপৎকালীন পরিস্থিতির কথা মাথায় রেখে শহরের ৯টি জায়গায় থাকছে অ্যাম্বুলেন্সও।

****************

অস্বস্তিকর ভ্যাপসা গরমে জেরবার দক্ষিণবঙ্গের মানুষকে বর্ষার জন্য আরও কয়েকদিন অপেক্ষা করতে হবে। আগামী ৪-৫ দিনের মধ্যে কিছু অংশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশের অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। তবে পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ও পশ্চিম বর্ধমানে তাপপ্রবাহের পরিস্থিতি বজায় থাকার সম্ভাবনা। বজ্র-বিদ্যুত সহ বৃষ্টি হতে পারে সব জেলাতেই।

অন্যদিকে, বাংলাদেশের উত্তরে ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তটি হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও তার আশপাশ এলাকাজুড়ে বিস্তৃত রয়েছে। উত্তর-পশ্চিম বিহার থেকে মেঘালয় পর্যন্ত বিস্তৃত রয়েছে অক্ষরেখা। এর প্রভাবে বঙ্গোপোসাগর থেকে বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় আগামীকাল পর্যন্ত ভারী থেকে অতি ভারী

বৃষ্টির লাল সতর্কতা জারি রয়েছে। এই তিনটি জেলার সঙ্গে দার্জিলিং এবং কালিম্পং-এও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে বৃহস্পতিবার পর্যন্ত।

সিকিমে ও পাহাড়ে অবিরাম বৃষ্টিতে তিস্তা-তোর্সা, জলঢাকা, মহানন্দা সহ বিভিন্ন নদীর জল বেড়েছে।

এদিকে, এক টানা প্রবল বর্ষণে ধস নামায় উত্তর সিকিমে আটকে পড়া পর্যটকদের উদ্ধারের কাজ, খারাপ আবহাওয়ার জন্য থমকে গেছে। এঁদের মধ্যে রয়েছেন ১৫ জন বিদেশী পর্যটক।

সকলেই নিরাপদে রয়েছেন বলে মঙ্গনের জেলাশাসক হেম কুমার ছেত্রী জানিয়েছেন। আবহাওয়া অনুকূল থাকলে, আটকে থাকা পর্যটকদের উদ্ধারের কাজ আজ শুরু হতে পারে।

****************

মহানন্দায় স্নান করতে গিয়ে গতকাল এক ব্যক্তি তলিয়ে গেছেন।

প্রশান্ত নন্দী সাহানি নামের বছর ৪০-এর ওই ব্যক্তি শিলিগুড়ির চার নম্বর ওয়ার্ডের মহারাজ কলোনীর বাসিন্দা।

এমনিতেই, পাহাড়ে প্রবল বর্ষণের জন্য শিলিগুড়ির মহানন্দা ও বালাসর নদীতে জারি রয়েছে কমলা সতর্কতা। এর মধ্যেই গতকাল সকালে এই ঘটনা ঘটে।

বিপর্যয় মোকাবিলা দপ্তরের সদস্যরা খোঁজাখুঁজি করলেও, দেহ এখনো উদ্ধার হয়নি।

****************

নদীয়ার কৃষ্ণনগরের পালপাড়ার কাছে গত দুপুরে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির পচাগলা দেহ উদ্ধারের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়।

স্থানীয় মানুষ, ঘাস কাটতে গিয়ে জমির মধ্যে দেহটি পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন। বাইরে থেকে খুন করে, দেহ ফেলে রেখে যাওয়া হয়েছে বলে অনুমান পুলিশের।

****************

পার্ক স্ট্রিটে গুলি চালনা কান্ডে ধৃতদের আগামী বিশে জুন পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। মূল অভিযুক্ত-সোনা, এখনো অধরা থাকলেও, পুলিশ সিসি টিভি ফুটেজ এবং অন্যান্য তথ্য প্রমাণের ভিত্তিতে সাব্বির সহ মোট চারজনকে গ্রেপ্তার করেছে। গতকাল তাদের আদালতে তোলা হয়।

****************

পর্যটন শিল্পে যুক্ত ব্যবসায়ীদের সুবিধার্থে কলকাতায় গতকাল শুরু হয়েছে ‘অষ্টম বেঙ্গল ট্যুরিজম ফেস্ট’। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এই পর্যটন মেলা চলবে ১৯ তারিখ পর্যন্ত। কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক ও অ্যাসোসিয়েশন অফ ট্যুরিজম সার্ভিস প্রোভাইডার অফ বেঙ্গলের যৌথ উদ্যোগে মেলায় ১১৫টি বেসরকারি পর্যটন সংস্থা এবং তিনটি রাজ্যের সরকারি পর্যটনের স্টল রয়েছে। মূলত ক্ষুদ্র পর্যটন ব্যবসায়ী, হোটেল ব্যবসায়ী, ট্রাভেল এজেন্ট ও হোমস্টে ব্যবসাকে তুলে ধরতে এই মেলার আয়োজন করা হয়েছে।

কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের পূর্বাঞ্চলের আঞ্চলিক অধিকর্তা প্রণব প্রকাশ, সহ অধিকর্তা জ্যোতির্ময় বিশ্বাস ও রাজ্যের পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

************************************************************